সংরক্ষণ পরিবর্তনের ক্ষমতা কারও নেই, দলিত-মহাদলিত সম্মেলনে দাবি নীতীশের

পাটনা, ৪ অক্টোবর : ২০১৯-এর সাধারণ নির্বাচন ইঞ্চি ইঞ্চি করে এগিয়ে আসছে, আর রাজনৈতিক দলগুলি জনগণের কাছে দেওয়া তাদের এতদিনের প্রতিশ্রুতিগুলিকে ফের বাজিয়ে দেখতে শুরু করেছেন। পাটনার দলিত-মহাদলিত সম্মেলনে এই ঘটনার আরও একবার প্রমাণ পাওয়া গেল। বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার দলিতদের ভোটের দিকে তাকিয়েই বললেন, দেশে এমন কোনও শক্তি নেই যারা সংরক্ষণ ব্যবস্থার পরিবর্তন ঘটাতে পারে, কারণ ভারতীয় সংবিধানের জনক বি আর আম্বেদকরই এইসব নীতিগুলির খসড়া ও রূপায়ণ করেছেন। সম্প্রতি দলিতদের ক্ষমতার পরিবর্তন হতে পারে বলে বিভিন্ন সূত্রে দাবি করা হচ্ছিল। সেই পরিপ্রেক্ষিতেই নীতীশের এই মন্তব্য।

পাটনার শ্রীকৃষ্ণ মেমোরিয়াল হলে বুধবার জনতা দল (সংযুক্ত) যে দলিত-মহাদলিত সম্মেলনের আয়োজন করে সেখানে ভাষণ দিতে গিয়ে মুখ্যমন্ত্রী দলিতদের আশ্বস্ত করে বলেন, তফসিলি জাতি ও উপজাতির মানুষদের ক্ষমতা কেড়ে নেওয়ার অধিকার কারও নেই। লোকসভার অধ্যক্ষা সুমিত্রা মহাজন সম্প্রতি সংরক্ষণ নিয়ে যে মন্তব্য করেছেন সেদিকে ইঙ্গিত করেই বিহারের মুখ্যমন্ত্রী বলেন, সোশ্যাল মিডিয়াতে অযথা বিতর্ক বাড়ানো হচ্ছে। শুধু শুধু ছড়ানো হচ্ছে অপ্রয়োজনীয় কিছু বিষয়।

যেসব মন্তব্য অবাঞ্ছিত, সেগুলিও ভাইরাল হয়ে যাচ্ছে। কারণ কিছু মানুষ অপ্রয়োজনীয় কথা বলার অভ্যাস করে ফেলেছেন। এ ধরনের আলোচনাকে প্রশ্রয়ও দিচ্ছেন এবং সেই কাজই করে চলেছেন। মুখ্যমন্ত্রীর সম্মেলনে হাজির তফশিলি জাতি ও উপজাতির মানুষদের প্রতিশ্রুতি দিয়ে বলেন, সরকার সবসময় তাঁদের পাশে রয়েছে এবং সর্বশক্তি দিয়ে তাঁদের সাহায্য করবে। নীতীশ আরও বলেন, এদেশে কিছু মানুষ আছেন যাঁরা কাজের থেকে কথা বলেন বেশি। মুখ্যমন্ত্রীর অভিযোগ, এই মানুষগুলি যারা কাজ করতে চায়, তাদের মুখ বন্ধ করে দিতে তৈরি।

পাটনা সম্মেলনে হাজির দলিতদের ফের আশ্বাস দিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন, সরকারের লক্ষ্য যতদিন পর্যন্ত না শেষ মানুষটিও তার অধিকার লাভ করছেন, ততদিন কাজ চালিয়ে যাওয়া। প্রসঙ্গত, লোকসভার অধ্যক্ষা সুমিত্রা মহাজন সংরক্ষণ নিয়ে যে মন্তব্য করেছেন সেই পরিপ্রেক্ষিতেই এত কথা বলেন মুখ্যমন্ত্রী। প্রসঙ্গত, গত ৩০ সেপ্টেম্বর মহাজন প্রশ্ন তোলেন, শিক্ষা এবং চাকরিতে অনির্দিষ্টকালের জন্য সংরক্ষণ বজায় রাখার কোনও প্রয়োজন নেই। তিনি আরও বলেন, আম্বেদকর সংরক্ষণ চেয়েছিলেন মাত্র ১০ বছরের জন্য। তা এখন সারা জীবনের হয়ে গেছে।

মহাজন ওইদিন আরও বলেছিলেন, আম্বেদকরজি ১০ বছরের মধ্যে সব সম্প্রদায়ের মানুষের উন্নতি চেয়েছিলেন। কিন্তু বাস্তবে তা হয়নি। এমনকি সাংসদরাও এ নিয়ে কিছু করতে পারেনি। ফলে সংরক্ষণ প্রথা বাড়িয়ে দিয়েছেন আরও ১০ বছর। লোকসভার অধ্যক্ষা পাটনার পাশেই রাঁচিতে লোকমন্থন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে মহাজন এই কথাগুলি বলেন। সেদিন সুমিত্রা আরও বলেছিলেন শুধু সংরক্ষণ মানুষের উন্নতি ও দেশের আর্থ-সামাজিক পরিকাঠামোর উন্নতি করতে পারে না। অধ্যক্ষার সেই মন্তব্যের জবাব দেওয়ার জন্য রাঁচির অদূরে পাটনার দলিত-মহাদলিতের সম্মেলন মঞ্চকে এদিন বেছে নেন মুখ্যমন্ত্রী নীতীশ কুমার।

নির্বাচনী প্রচারে রাজস্থানে শাহ

বিকানের, ৪ অক্টোবর : বিজেপি সভাপতি অমিত শাহ রাজস্থানের আসন্ন বিধানসভা নির্বাচনে প্রচার শুরু করে দিলেন। বৃহস্পতিবার তিনি রাজ্যের সিকার ও বিকানেরের একাধিক জায়গায় ভাষণ দেন। দিল্লি থেকে হেলিকপ্টারে শাহ এদিন সিকারে এসে পৌঁছান। বিজেপি প্রধান ট্যুইট করে জানান, সিকারে ভারতীয় শিক্ষা সংকুলে শক্তিকেন্দ্র সম্মেলনে ভাষণ দেবেন তিনি। ১১টা ১৫ মিনিট নাগাদ সেখানে ভাষণ দিয়ে শাহ চলে যান সিকারের খেল স্টেডিয়ামে। এরপরই বিকেল ৩টেয় মেডিক্যাল কলেজ গ্রাউন্ডে একটি অনুষ্ঠানে অংশ নেন। বিকেল ৪টেয় বিজেপি প্রধান বিকানেরের 'দ্য পার্ক প্যারাডাইসে' শক্তি সম্মেলনে ভাষণ দেন। সেখানে বিকেল ৫টা নাগাদ দলীয় কর্মীদের সঙ্গে বৈঠকও সারেন তিনি। দিনভর সিকার ও বিকানেরের বিভিন্ন জায়গায় ভাষণ দেওয়ার পর বিকেলে সাংবাদিক সম্মেলনে বলেন, নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে বিজেপি রাজস্থানে ফিরছে।

ধর্ষণের ঘটনা নথিভুক্ত করতে অস্বীকার, হরিয়ানায় সাসপেন্ড মহিলা সহ ২ পুলিশ অফিসার

পালওয়াল, ৪ অক্টোবর : যৌন নিগৃহীতা মেয়েটির পরিবার বার বার করে তাদের কাছে ঘটনাটি থানায় নথিভুক্ত করার দাবি জানাচ্ছিলেন। আর ততবারই মহিলা সাব-ইন্সপেক্টর সহ আর এক পুলিশ কর্মী তাদের বোঝাচ্ছিলেন অভিযুক্তের সঙ্গে মিটমাট করে নিতে। জোর করে মিটমাট করার চেষ্টা করায় হরিয়ানার ২ পুলিশ কর্মীকে সাসপেন্ড করা হয়েছে। পালওয়ালের পুলিশ সুপার ওয়াসিম আক্রম এই দাবি করেছেন। এসএইচও সন্তোষ কুমার এবং এসআই অঞ্জু দেবীর বিরুদ্ধে শুরু হয়েছে পুলিশের বিভাগীয় তদন্ত। পুলিশ সুপার জানিয়েছেন, নিগৃহীতা মেয়েটির পরিবারের দাবি অনুযায়ী, একটি অভিযোগ দায়ের হয়েছে। দোষী তিনজনের বিরুদ্ধে একটি মামলাও দায়ের করা হয়েছে। হরিয়ানার পালওয়ালে থানায় গিয়ে এক মহিলা (৩৪) গত ১৬ সেপ্টেম্বর অভিযোগ করেন, একটি দোকানে তিনি তাঁর সন্তানের জন্য স্কুলব্যাগ কিনতে গিয়েছিলেন। সে সময় ওই দোকানের সেলসম্যান জানান, বেসমেন্টে আরও নানা রকমের ব্যাগ রয়েছে। সেখানে গেলে তিনি পছন্দ করতে পারবেন। কিন্তু বেসমেন্টে গিয়ে উল্টো বিপত্তি হয়। অভিযুক্ত তাঁকে যৌন নির্যাতন করে। পরে তিনি এই ঘটনার সঙ্গে যুক্ত সন্দেহে আরও তিনজনের নাম করেন। কিন্তু পালওয়াল থানায় আসার পর তাঁর তিক্ত অভিজ্ঞতা হয়। ওই থানার এসএইচও কোনও এফআইআর দায়ের না করে তাঁকে ফিরে যেতে বলেন। অভিযুক্ত তিনজনের সঙ্গে সমঝোতা করে নেওয়ার পরামর্শও দেন তিনি। এসএইচও'র কাছে বার বার ব্যর্থ হয়ে এসআই অঞ্জু দেবীর কাছে তাঁকে যে এফআইআর করতে বাধা দেওয়া হচ্ছে তা জানান। এসআইও এফআইআর করতে অস্বীকার করেন। এরপরই তিনি পুলিশ সুপারের দ্বারস্থ হন। পালওয়ালের পুলিশ সুপার আক্রমের নির্দেশে অভিযুক্তের দাবি অনুসারে তদন্ত শুরু হয়েছে।

মামলা না তুললে ফের জাঠ বিক্ষোভ, কেন্দ্রকে হুমকি

নয়াদিল্লি, ৪ অক্টোবর : মামলা তোলা না হলে জাঠরা ফের ব্যাপক আকারে বিক্ষোভ দেখাবে বলে হুমকি দিলেন রাজস্থানের কংগ্রেস বিধায়ক বিশবেন্দ্র সিং। রাজ্য সরকার বৃহস্পতিবার সন্ধে পর্যন্ত সময় চেয়ে নেন। জাঠ নেতা এবং ভরতপুর রাজ পরিবারের আরও কয়েকজন সদস্য দাবি করেছেন, জাঠদের জন্য তাদের সংরক্ষণের দাবি মানা না হলে এবং জাঠদের বিক্ষোভ তুলে নেওয়া না হলে আরও বড় আকারে বিক্ষোভ দেখা দেবে।

মঙ্গলবারই রাজস্থানের ভরতপুরে সমর্থকদের সঙ্গে এই দাবিতে গ্রেফতার বরণ করেন জাঠ নেতা বিশবেন্দ্র সিং। গ্রেফতার হওয়ার পরই তিনি তিনদিনের মধ্যে তাদের বিরুদ্ধে যাবতীয় মামলা তুলে নেওয়ার দাবি জানান। প্রসঙ্গত, এর আগে বিভিন্ন আন্দোলনে বহুবার কারাবরণ করেছেন জাঠ নেতারা। তাদের বিরুদ্ধে কমপক্ষে ৭২টি মামলা চলছে। ঢোলপুর এবং ভরতপুর জেলাতেই জাঠদের জন্য সংরক্ষণের দাবিতে সবচেয়ে বেশি মামলা চলছে।

কংগ্রেস বিধায়ক বিশবেন্দ্র সিং অভিযোগ করেছেন, সরকার আশ্বাস দিয়েছিলেন, ধৃত জাঠদের বিরুদ্ধে যাবতীয় মামলা তুলে নেওয়া হবে। কিন্তু এক বছর হয়ে গেলেও এখনও পর্যন্ত কোনও ব্যবস্থাই নেওয়া হয়নি। বিশবেন্দ্র হুমকি দিয়ে বলেছেন, হয় তাদের বিরুদ্ধে মামলাগুলি তুলে নিতে হবে, নাহলে অন্দোলন আরও কঠোর হবে।

শান্তির স্বপক্ষে কাজ শুরু করেছেন উপত্যকার প্রাক্তন জঙ্গি

শ্রীনগর, ৪ অক্টোবর : মহম্মদ ফারুক খান। প্রাক্তন জঙ্গি। একসময় তিনি উপত্যকায় রীতিমতো ত্রাস ছিলেন। সেই ফারুক এখন সম্পূর্ণ বদলে গিয়েছেন। জম্মু ও কাশ্মীরে আসন্ন পুর নির্বাচনে মহম্মদ ফারুক খান শান্তির সপক্ষে প্রচার শুরু করেছেন। তিনি নিজে বিজেপির একজন প্রার্থীও বটে।

খানের জন্মবৃত্তান্ত নিয়ে প্রশ্ন তুললে বেজায় চটে যান তিনি। কারণ কেউ কেউ বলেন তিনি আদতে ভারতের মানুষই নন। নেপাল থেকে উপত্যকায় এসে জঙ্গিদের সঙ্গে ভিড়ে যান। কিন্তু এই অভিযোগ মোটেই মানতে রাজি নয় মহম্মদ ফারুক খান। এমন অভিযোগ কেউ করলে তিনি ক্ষমা তো চাইবেনই না, বরং তাঁর বিরুদ্ধেই এফআইআর দায়ের করতে পারেন। ফারুকের দাবি, "আমি মোটেই নেপাল থেকে আসিনি। এই ভারতের মাটিতেই আমার জন্ম। পাক্কা সাড়ে দশ বছর জেল খাটতে হয়েছে আমাকে। কাজেই যারা আমাকে বলে, আমি নেপাল থেকে এসেছি তারা ক্ষমা না চাইলে এফআইআর তো আমি করবই।"

পুলিশ সূত্রে জানা গেছে, মহম্মদ ফারুক আসলে প্রাক্তন জঙ্গি। জম্মু-কাশ্মীর লিবারেশন ফ্রন্ট (জেকেএলএফ) ও হরকত-উল-মুজাহিদিনের একসময় তিনি সক্রিয় সদস্য ছিলেন। রীতিমতো ত্রাস ছিলেন উপত্যকায়। পরে পুলিশের হাতে ধরা পড়ে তাঁকে জেল খাটতে হয়। কিন্তু জেলে যাওয়ার পর থেকেই পুরোপুরি বদলে গেছেন মহম্মদ ফারুক খান। জেল থেকে বেরিয়েই প্রাক্তন জঙ্গিরা যাতে সমাজের মূল স্রোতে ফিরে আসতে পারেন সেজন্য তৈরি করেন জে অ্যান্ড কে হিউম্যান ওয়েলফেয়ার অর্গানাইজেশন। প্রাক্তন জঙ্গিদের পুনর্বাসনের জন্য আপ্রাণ চেষ্টা করে চলেছিলেন তিনি। খানের দাবি, তিনি জঙ্গিদের সংশ্রব থেকে সরে আসুন, মোটেই চায়নি তারা। কেউ তাকে সমর্থন করেনি। এমনকি যারা তার হাতে বন্দুক তুলে দিয়েছিল, তারা জঙ্গির পথ থেকে সরে আসার তীব্র সমালোচনা করেছিল। তারা যে শুধু টাকাই গুনে নিত তা তখন জানতেন না মহম্মদ ফারুক। তবে ফারুকের দুঃখ, উপত্যকার মানুষ তাঁকে আগেও দোষ দিয়েছেন, এখনও দুষছেন। শান্তির জন্য তিনি যে কাজ করছেন তা বোধহয় অনেকেই মন থেকে মেনে নিতে পারছেন না। যদিও নিজের সিদ্ধান্তে অবিচল ফারুক। তিনি সাংবাদিকদের জানিয়েছেন, 'একদিন জয় তার আসবেই। মানুষ নিজেদের ভুল বুঝতে পারবেন।' প্রসঙ্গত, প্রাক্তন এই জঙ্গি তার আয়ের যাবতীয় অর্থ খরচ করেন জঙ্গিদের পুনর্বাসন এবং তাদের সন্তানদের লেখাপড়ার জন্য। জঙ্গিদের পুনর্বাসন প্রশ্নে কোনওরকম সমঝোতা করতে রাজি নন প্রাক্তন এই জঙ্গি। কী বলছেন বিজেপি নেতারা? তাঁরা অবশ্য ফারুকের সম্পর্কে এখনই কোনও মন্তব্য করতে রাজি নন। তবে ফারুক প্রাক্তন জঙ্গিদের শরণার্থী হিসেবে সাহায্য করতে যেভাবে উদ্যোগী হয়েছে, তার ভূয়সী প্রশংসা করেছেন রাজ্যে বিজেপির ছোটবড় সব নেতাই।

উপত্যকায় পুর নির্বাচন হবে চারটি পর্যায়ে। ৮, ১০, ১৩ এবং ১৬ অক্টোবর নির্বাচনের দিন ঘোষণা হয়েছে। ভোটগণনা হবে ২০ অক্টোবর। ফারুকের কাজ বিজেপির কাজকে সহজ করবে কি না তা কেউই জানেন না।

একাধিক রাজ্যে দূষিত পোলিও টিকা দেওয়া হচ্ছে শিশুদের

গাজিয়াবাদ, ৪ অক্টোবর : অতি সম্প্রতি সারা দেশজুড়ে পোলিও টিকাকরণের সময়ে দূষিত পোলিও টীকা শিশুদের দেওয়া হয়েছে বলে অভিযোগ করেছে মহারাষ্ট্র, তেলেঙ্গানার পাশাপাশি উত্তর প্রদেশের স্বাস্থ্য দফতরও। এই টীকা তৈরি হয়েছে দিল্লির কাছে গাজিয়াবাদে একটি ওষুধের কোম্পানিতে। বিষয়টি জানাজানি হওয়ার পরই প্রবল আলোড়ন শুরু হয়। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক এই তিন রাজ্যে দূষিত টিকা নেওয়া শিশুদের উপর নজর রাখার জন্য একটি সার্ভেল্যান্স টিম তৈরি করে দেয়। দূষিত টীকা যেসব শিশু নিয়েছে তাদের মধ্যে কোনওরকম নেতিবাচক লক্ষণ ফুটে উঠছে কি না, সেদিকে খেয়াল রাখবেন টিমের সদস্যরা।

স্বাস্থ্য মন্ত্রকের এক মুখপাত্রের মতে, দূষিত ভাইরাসের আচরণ দেখতেই এই নজরদারি। প্রসঙ্গত, টাইপ-২ পোলিও ভাইরাস সারা পৃথিবী থেকেই নির্মূল করার চেষ্টা চলছে। সরকার এ বিষয়ে অত্যন্ত যত্নবান হওয়া সত্ত্বেও কী করে এ ধরনের ভাইরাসবাহী টীকাকরণ করা হল, তাও উদ্বেগে রেখেছে কেন্দ্রকে। তবে স্বাস্থ্য দফতরের মুখপাত্র এদিন স্পষ্টই বলেছেন, আতঙ্ক ছড়ানোর কোনও প্রয়োজন নেই। মহারাষ্ট্র, তেলেঙ্গানা ও উত্তর প্রদেশে পোলিও সার্ভেল্যান্স টিম যেসব শিশুদের এই টীকাকরণ করা হয়েছে, তাদের উপর নজর রাখছে। কোনওরকম নেতিবাচক লক্ষণ দেখা দিলেই তাঁরা স্বাস্থ্য দফতরকে জানাবে।

অ্যাসিড বোঝাই ব্যারেল পড়ে দিল্লির মেট্রো স্টেশনে মৃত ১, আহত ৫

নয়াদিল্লি, ৪ অক্টোবর : অ্যাসিড বোঝাই ব্যারেল ওপর থেকে পড়ল দিল্লি মেট্রোর জহুরি এনক্লেভ মেট্রো স্টেশনের পিঙ্ক লাইনে। তখন সেখানে কাজ করছিলেন একাধিক কর্মী। ঘটনাস্থলে মৃত্যু হল মেট্রো শ্রমিক অমিত চৌহানের (৩২)। অন্যদিকে এই স্টেশনের বাইরে একটি মোটরসাইকেলের উপর গাড়ি থেকে বেশ কিছুটা অ্যাসিড পড়ে আহত হলেন আরও কয়েকজন। স্টেশনের বাইরে তখন মোটরসাইকেলে চেপে যাচ্ছিলেন কয়েকজন। দিল্লি মেট্রো রেলের তরফে এদিন দাবি করা হয়, এই ঘটনায় দিল্লি মেট্রোর কিছুই করার নেই। কারণ যে ধরনের কাজে এইসব রাসায়নিক ব্যবহারের প্রয়োজন হয়, সেই কাজ সেখানে হচ্ছিল না। তিনি আরও দাবি করেছেন, যেখানে দুর্ঘটনাটি ঘটেছে সেখানে ইতিমধ্যেই নির্মাণকাজ সম্পূর্ণ হয়েছে। গাড়ি নিয়ে ট্রায়াল রানের কাজও অনেকটাই এগিয়ে গিয়েছে।

তবে পুলিশের একাংশ একে নাশকতা বলেও মনে করছে। দিল্লির সিনিয়র পুলিশ সুপার দাবি করেছেন, কেউ ওপর থেকে অ্যাসিড ঢেলেও দিতে পারে। পুলিশ সবদিকই খতিয়ে দেখছে। প্রসঙ্গত, দিল্লি মেট্রোর ফেজ-থ্রি'র নেটওয়ার্ক ডেভেলপমেন্ট পরিকল্পনার অংশ হিসাবে জহুরি এনক্লেভ মেট্রো স্টেশনে এখন পিঙ্ক লাইন তৈরির কাজ চলছে। এই লাইন তৈরি হয়ে গেলে ৩৮টি মেট্রো স্টেশনের মধ্যে যোগাযোগ তৈরি হবে। মজলিশ পার্ক থেকে শিববিহার অর্থাৎ দিল্লি মেট্রোর দীর্ঘতম রুট হবে এই লাইনটি। সেখানে দুর্ঘটনা ঘটায় স্বভাবতই কর্তৃপক্ষ ও পুলিশ খুব সাবধানে পা ফেলছেন। তড়িঘড়ি তারা কোনও মন্তব্য করতেও রাজি হননি।

FORM G
INVITATION FOR EXPRESSION OF INTEREST
(Under Regulation 36A (1) of the Insolvency and Bankruptcy (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016

Relevant Particulars

1	Name of the corporate debtor	Bhootnath Consultancy Pvt. Ltd.
2	Date of incorporation of corporate debtor	06-06-11
3	Authority under which corporate debtor is incorporated / registered	ROC-Kolkata
4	Corporate identity number / limited liability identification number of corporate debtor	U74140WB2011PTC163396
5	Address of the registered office and principal office (if any) of corporate debtor	2B, GRANT LANE 2ND FLOOR KOLKATA Kolkata WB 700012 IN
6	Insolvency commencement date of the corporate debtor	07-05-18
7	Date of invitation of expression of interest	21-06-18
8	Eligibility for resolution applicants under section 25(2)(h) of the Code is available at:	Details can be sought by mailing at casonujain@gmail.com
9	Norms of ineligibility applicable under section 29A are available at :	As per section 29A and other provisions of the Insolvency & Bankruptcy Code, 2016 Available on the website of IBBI http://ibbi.gov.in/webfront/legal_framework.php
10	Last date for receipt of expression of interest	07-07-18
11	Date of issue of provisional list of prospective resolution applicants	15-08-18
12	Last date for submission of objections to provisional list	20-08-18
13	Date of issue of final list of prospective resolution applicants	30-08-18
14	Date of issue of information memorandum, evaluation matrix and request for resolution plans to prospective resolution applicants	20-08-18
15	Manner of obtaining request for resolution plan, evaluation matrix, information memorandum and further information	In the electronic mode form to mail Id casonujain@gmail.com or by speed post or by hand delivery at postal address given at Sl.No. 21
16	Last date for submission of resolution plans	19-09-18
17	Manner of submitting resolution plans to resolution professional	In the electronic mode form to mail Id casonujain@gmail.com or by speed post or by hand delivery at postal address given at Sl.No. 21
18	Estimated date for submission of resolution plan to the Adjudicating Authority for approval	19-10-18
19	Name and registration number of the resolution professional	Sonu Jain IBBI/IPA/-001/IP/P00575/2017-18/11016
20	Name, Address and e-email of the resolution professional, as registered with the Board	Sonu Jain 23A, Gurupada Halder Road, 1st Floor kolkata- 7000026 casonujain@gmail.com
21	Address and email to be used for correspondence with the resolution professional	Email: casonujain@gmail.com Address: Flat 2B, Tower 5, 58 Mahatma Gandhi Road Tollygunge Karunamoyee, Tollygunge Kolkata, West Bengal 700041
22	Further Details are available at or with	Details can be sought by mailing at casonujain@gmail.com
23	Date of publication of Form G	05-10-18

Signature of the Resolution Professional
IBBI/IPA/-001/IP/P00575/2017-18/11016
23A, Gurupada Halder Road, 1st Floor
Kolkata- 7000026
For Bhootnath Consultancy Pvt. Ltd.
Date: 05.10.2018
Place: Kolkata

FORM G
INVITATION FOR EXPRESSION OF INTEREST
(Under Regulation 36A (1) of the Insolvency and Bankruptcy (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016

Relevant Particulars

1	Name of the corporate debtor	Flower Dealcom Pvt. Ltd.
2	Date of incorporation of corporate debtor	19-04-10
3	Authority under which corporate debtor is incorporated / registered	ROC-Kolkata
4	Corporate identity number / limited liability identification number of corporate debtor	U51101WB2010PTC145435
5	Address of the registered office and principal office (if any) of corporate debtor	2/1A CHAITAN SETH STREET KOLKATA Kolkata WB 700007 IN
6	Insolvency commencement date of the corporate debtor	16-05-18
7	Date of invitation of expression of interest	22-08-18
8	Eligibility for resolution applicants under section 25(2)(h) of the Code is available at:	Details can be sought by mailing at casonujain@gmail.com
9	Norms of ineligibility applicable under section 29A are available at :	As per section 29A and other provisions of the Insolvency & Bankruptcy Code, 2016 Available on the website of IBBI http://ibbi.gov.in/webfront/legal_framework.php
10	Last date for receipt of expression of interest	08-09-18
11	Date of issue of provisional list of prospective resolution applicants	24-08-18
12	Last date for submission of objections to provisional list	29-08-18
13	Date of issue of final list of prospective resolution applicants	08-09-18
14	Date of issue of information memorandum, evaluation matrix and request for resolution plans to prospective resolution applicants	29-08-18
15	Manner of obtaining request for resolution plan, evaluation matrix, information memorandum and further information	In the electronic mode form to mail Id casonujain@gmail.com or by speed post or by hand delivery at postal address given at Sl.No. 21
16	Last date for submission of resolution plans	28-09-18
17	Manner of submitting resolution plans to resolution professional	In the electronic mode form to mail Id casonujain@gmail.com or by speed post or by hand delivery at postal address given at Sl.No. 21
18	Estimated date for submission of resolution plan to the Adjudicating Authority for approval	28-10-18
19	Name and registration number of the resolution professional	Sonu Jain IBBI/IPA/-001/IP/P00575/2017-18/11016
20	Name, Address and e-email of the resolution professional, as registered with the Board	Sonu Jain 23A, Gurupada Halder Road, 1st Floor kolkata- 7000026 casonujain@gmail.com
21	Address and email to be used for correspondence with the resolution professional	Email: casonujain@gmail.com Address: Flat 2B, Tower 5, 58 Mahatma Gandhi Road Tollygunge Karunamoyee, Tollygunge Kolkata, West Bengal 700041
22	Further Details are available at or with	Details can be sought by mailing at casonujain@gmail.com
23	Date of publication of Form G	05-10-18

Signature of the Resolution Professional
IBBI/IPA/-001/IP/P00575/2017-18/11016
23A, Gurupada Halder Road, 1st Floor
Kolkata- 7000026
For Flower Dealcom Pvt. Ltd.
Date: 05.10.2018
Place: Kolkata

FORM G
INVITATION FOR EXPRESSION OF INTEREST
(Under Regulation 36A (1) of the Insolvency and Bankruptcy (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016

Relevant Particulars

1	Name of the corporate debtor	Satyalaxmi Tradelinks Pvt. Ltd.
2	Date of incorporation of corporate debtor	22nd March, 2012
3	Authority under which corporate debtor is incorporated / registered	ROC-Kolkata
4	Corporate identity number / limited liability identification number of corporate debtor	U52100WB2012PTC176701
5	Address of the registered office and principal office (if any) of corporate debtor	2B, GRANT LANE 2ND FLOOR KOLKATA Kolkata WB 700012 IN
6	Insolvency commencement date of the corporate debtor	07-05-18
7	Date of invitation of expression of interest	21-06-18
8	Eligibility for resolution applicants under section 25(2)(h) of the Code is available at:	Details can be sought by mailing at casonujain@gmail.com
9	Norms of ineligibility applicable under section 29A are available at :	As per section 29A and other provisions of the Insolvency & Bankruptcy Code, 2016 Available on the website of IBBI http://ibbi.gov.in/webfront/legal_framework.php
10	Last date for receipt of expression of interest	07-07-18
11	Date of issue of provisional list of prospective resolution applicants	15-08-18
12	Last date for submission of objections to provisional list	20-08-18
13	Date of issue of final list of prospective resolution applicants	30-08-18
14	Date of issue of information memorandum, evaluation matrix and request for resolution plans to prospective resolution applicants	20-08-18
15	Manner of obtaining request for resolution plan, evaluation matrix, information memorandum and further information	In the electronic mode form to mail Id casonujain@gmail.com or by speed post or by hand delivery at postal address given at Sl.No. 21
16	Last date for submission of resolution plans	19-09-18
17	Manner of submitting resolution plans to resolution professional	In the electronic mode form to mail Id casonujain@gmail.com or by speed post or by hand delivery at postal address given at Sl.No. 21
18	Estimated date for submission of resolution plan to the Adjudicating Authority for approval	19-10-18
19	Name and registration number of the resolution professional	Sonu Jain IBBI/IPA/-001/IP/P00575/2017-18/11016
20	Name, Address and e-email of the resolution professional, as registered with the Board	Sonu Jain 23A, Gurupada Halder Road, 1st Floor kolkata- 7000026 casonujain@gmail.com
21	Address and email to be used for correspondence with the resolution professional	Email: casonujain@gmail.com Address: Flat 2B, Tower 5, 58 Mahatma Gandhi Road Tollygunge Karunamoyee, Tollygunge Kolkata, West Bengal 700041
22	Further Details are available at or with	Details can be sought by mailing at casonujain@gmail.com
23	Date of publication of Form G	05-10-18

Signature of the Resolution Professional
IBBI/IPA/-001/IP/P00575/2017-18/11016
23A, Gurupada Halder Road, 1st Floor
Kolkata- 7000026
For Satyalaxmi Tradelinks Pvt. Ltd.
Date: 05.10.2018
Place: Kolkata